

# স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প

পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে, সকল ছাত্রছাত্রীকে উচ্চশিক্ষার সুযোগ করে দিতে স্টুডেন্ট ক্রেডিট কার্ড নিয়ে আসা হচ্ছে।

পশ্চিমবঙ্গ সরকারের স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্পে, পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের ১০ লক্ষ টাকা অবধি লোন পাবার সুযোগ রয়েছে।

## কারা পাবে ?

\* যাঁরা পশ্চিমবঙ্গে বিগত ১০ বছর বা তার অধিক সময় ধরে বসবাস করছেন, সেইসব ছাত্রছাত্রীরা এই ক্রেডিট কার্ডের আবেদন করতে পারবেন। পড়ুয়াদের অভিভাবক বা কো-বরোয়ার কেও বিগত ১০ বছর যাবত পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

\* আবেদন জানানোর সর্বাধিক বয়সসীমা ৪০ বছর।

\* আবেদনকারীকে ভারতবর্ষের নাগরিক হতে হবে।

## কিসের জন্যে লোন নেওয়া যাবে? কোন কোন ক্ষেত্রে কার্ড

### ব্যবহার করা যাবে?

\* আন্ডার গ্র্যাজুয়েট, পোস্ট গ্র্যাজুয়েট, ডক্টরাল যে কোন কোর্সের জন্যে পড়াশুনার খরচের ক্ষেত্রে ( ভারত বা বিদেশ ) আবেদন জানান যাবে। ( Medical / Engineering Course এর জন্য প্রযোজ্য নয়। )

\* যে কোন কলেজ, বিশ্ববিদ্যালয় বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ও প্রতিযোগিতামূলক পরীক্ষার কোচিং সেন্টারের ফি ( শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনার খরচ ইত্যাদি )

\* হোটেল ও পড়াশোনা সংক্রান্ত থাকার খরচ ( বাড়ির বাইরে )।

\* শিক্ষা মূলক ভ্রমণ, প্রজেক্ট, থিসিস ইত্যাদি শেষ করার প্রয়োজনীয় খরচ।

\* শিক্ষা সংক্রান্ত নানা দরকারি জিনিস, যেমন - কম্পিউটার, ল্যাপটপ, বই ইত্যাদির খরচ।

## কিভাবে রেজিস্ট্রেশন করা যাবে?

- \* স্টুডেন্ট ক্রেডিট কার্ডে আবেদন জানাতে, অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে, নিচের ওয়েবসাইটে এ গিয়ে।
- \* [www.wb.gov.in](http://www.wb.gov.in) or [www.banglaruchchashiksha.wb.gov.in](http://www.banglaruchchashiksha.wb.gov.in) রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু আগে, তৈরী রাখতে হবে নিচের তথ্যগুলি।
  ১. পড়ুয়ার কালার ফটোগ্রাফ। ( সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি )
  ২. কো-বারোয়ার ছবি ( অভিভাবকের সাম্প্রতিক বা পাসপোর্ট সাইজের ছবি )
  ৩. পড়ুয়া ও কো-বারোয়ারের স্বাক্ষরের ছবি।
  ৪. আধার কার্ড ( না থাকলে পড়ুয়ার মাধ্যমিক রেজিস্ট্রেশন সার্টিফিকেট )
  ৫. পড়ুয়া অভিভাবকের ঠিকানার প্রমানপত্র।
  ৬. পড়ুয়া ও কো-বারোয়ারের ( অভিভাবক ) প্যান কার্ড, অথবা নেই বলে শর্তসাপেক্ষ আবেদন।
  ৭. পড়ুয়ার নিজস্ব মোবাইল নম্বর ও ইমেইল আইডি।
  ৮. পড়ুয়া যে প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে তার Details Course Fee, Tution Fee and Admission Fee এর valid document.

## এরপর পূর্বে উল্লেখ করা ওয়েবসাইটে গিয়ে:

- \* Student Registration এ ক্লিক করে, প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে Registration complete করতে হবে।
- \* Registration শেষে একটি ইউনিক আইডি, রেজিষ্ট্রার করা মোবাইল নম্বরে আসবে, যেটি আগামী দিনে ইউজার আইডি হিসাবে গণ্য হবে।
- \* এরপর স্টুডেন্ট ক্রেডিট কার্ড এর স্টুডেন্ট লগ ইন পোর্টালে গিয়ে অনলাইন ফর্ম ফিল আপ করে ও প্রয়োজনীয় নথি আপলোড করে লোন এর জন্য আবেদন করা যাবে।

## কিছু প্রয়োজনীয় তথ্য:

- \* ছাত্রছাত্রীদের সাথে তাদের আইনি অভিভাবককে কো বরোয়ার হিসাবে লোন পরিশোধের দায়িত্ব নিতে হবে।
- \* লোন পরিশোধ করতে বার্ষিক ৪% সরল সুদের হারে সুদ দিতে হবে।
- \* ৪ লক্ষ টাকার বেশী লোন নিতে হলে, ঋণের ৫% “মার্জিন মানি” হিসাবে পড়ুয়াকে দিতে হবে।
- \* পাঠক্রম শেষ হওয়া অথবা ছাত্রছাত্রীদের চাকরিতে যোগদানের এক বছর পর থেকে লোন পরিশোধ করা শুরু করতেই হবে।
- \* লোন পরিশোধ করার সর্বোচ্চ সময়সীমা ১৫ বছর।

## **Contact No.**

- 1. State Helpline No. : 1800-102-8014 ( Toll free)**
- 2. Nodal officer : Prof. Satyajit Biswas (7980997022)**
- 3. Help Desk officer : Prof. Chirantan Hazra (9836009571)**